

ঢাকা, শুক্রবার
০৮ চৈত্র ১৪৩০
২২ মার্চ ২০২৪

দৈনিক
ইনকিলাব
THE DAILY INQILAB

**যুক্তরাষ্ট্রের রাইস
ইউনিভার্সিটি
বাংলাদেশের ৯টি
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের
জন্য শর্ত শিথিল**



স্টাফ রিপোর্টার : সম্প্রতি যুক্তরাষ্ট্রের টেক্সাস এলাকার রাইস ইউনিভার্সিটি বাংলাদেশের ৯টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ভাষা পরীক্ষার শর্ত শিথিল করেছে।

এর ফলে যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার জন্য বাংলাদেশের শিক্ষার্থীদের ভর্তির আবেদন করতে নতুন সুযোগ তৈরি হয়েছে। বিশেষ সুবিধায় ইংরেজি দক্ষতার পরীক্ষা ছাড়াই বাংলাদেশের এসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রাইস ইউনিভার্সিটিতে ভর্তির আবেদন করতে পারবেন।

সুযোগ পাওয়া বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো হলো- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), নর্থ সাউথ ইউনিভার্সিটি, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (প্রকৌশল বিষয়ের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)। বিদেশে উচ্চশিক্ষার জন্য সাধারণত ইংরেজি ভাষা দক্ষতার পরীক্ষা দিতে হয়।

আন্তর্জাতিকভাবে স্বীকৃত আইইএলটিএস, স্যাট বা টোয়েফল পরীক্ষায় নির্ধারিত স্কোর অর্জন করলেই যুক্তরাষ্ট্র বা যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য আবেদন করা যায়। ভাষা দক্ষতার পরীক্ষায় স্কোর ভালো হলে ভর্তির সুযোগ বেশি হয়।

তবে যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার জন্য বাংলাদেশের শিক্ষার্থীদের ভর্তির আবেদন করতে শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশংসাপত্রসহ আবেদনকারীরা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ইংরেজি ভাষার অন্যান্য প্রয়োজনীয় শর্ত পূরণ করবেন। এ ভাষা দক্ষতা পরীক্ষায় ছাড় পাওয়া শিক্ষার্থীরা আবেদনের সময় তাদের প্রতিষ্ঠানে ইংরেজি ভাষাকে পড়াশোনার মাধ্যম হিসেবে পেয়েছেন, সেটি চিহ্নিত করবেন।